৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUN 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

## নকলের জন্য কয়েন বক্স!

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা কলেজের বারান্দায় অধ্যক্ষের কক্ষের অদূরে স্থাপিত কয়েনবক্স টেলিফোন আধুনিকতম নকল সংগ্রহের মাধ্যম হইয়া উঠিয়াছে। ১০টার মধ্যে প্রশ্ন হাতে পাওয়ার পর পরীক্ষার্থীদের অনেকে ছুটিয়া আসিয়া কয়েনবক্সে ভিড় জমায় এবং নির্দিষ্ট নম্বরে প্রশ্ন বলিয়া দেয়। আবার কিছুক্ষণ পরে আসিয়া টেলিফোনে সেই প্রশ্নের উত্তর সংগ্রহ করে। গত বৃহস্পতিবার

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নকলের জন্য

(১ম পৃঃ পর)

মন্ত্রী ও উর্ধ্বতন কর্মকর্তাদের পরিদর্শনকালে এমন ভিড় ছিল না। গতকাল হঠাৎ ভিড় বাড়িয়া যায়। পরীক্ষাকালে হলে বহিরাগতদের প্রবেশ পরীক্ষা কর্তৃপক্ষ নিষিদ্ধ করিয়াছে। কিন্তু ঢাকা কলেজ, কবি নজরুল কলেজ, সোহরাওয়ার্দী কলেজসহ বেশ কয়েকটি কেন্দ্রে বহিরাগতদের ইতস্ততঃ ঘুরাঘুরি ও রুমে রুমে প্রবেশ করিয়া 'তদারকি' করিতে দেখা যায়। তাহারা নিজেদের ছাত্র সংসদের কর্মকর্তা বলিয়া পরিচয় দেন।